বহুখণ্ডে

নিজেকে ভেঙেছি, যাতে
বালি ও সিমেন্টের মধ্যে নিজেকে বসিয়ে
সুষম মিশ্রণে
পারাপারযোগ্য কোনও সেতু হতে পারি।
ফাটা গোড়ালির পাশে পাশে উদোম শিশুর
টালমাটাল ছন্দে যেন আমার চুম্বন
সারাদিন ধরে লেগে থাকে।

জানি, এপথেই হেঁটে যাবে
লণ্ঠন হাতে করে ঘন অন্ধকার,
অসহায় ক্রোধ, আর্তনাদ আর
এই পথেই ক্ষুধা ও সন্ত্রাস।

আমার হৃদয় যদি আগাগোড়া পাথর না হয়
তবে ঠিক একদিন এ পথেই হেঁটে আসা
মানুষের ক্লান্ত ভালবাসা
দু-দণ্ড বিশ্রাম নেবে
আমার রেলিঙে ভর রেখে।

ততদিন যেন কংক্রীটের হৃদয় দু-ফালা করা
ফাঁটলের সুক্ষ্ম কালো চুল
ফুঁ দিয়ে ওড়াতে পারি আমি।

রমেন আচার্য